# Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CC/401**

**বাংলা উপন্যাস পর্ব-২ এবং ছোটগল্প**

Time: 2 hours　　　　　　　　　　　　　　　　Full Marks: 40

৪টি প্রশ্নের উত্তর দাও।　　　　　　　　　　　　　　　　৪X১০=৪০

১. ক) 'হাজার চুরাশির মা' উপন্যাসের 'বিকেল' অধ্যায়ে নন্দিনী বলে: "সব, সবাইকে বিট্রেয়াল মনে হয়।"— উপন্যাসের পাঠক হিসেবে নন্দিনীর এই বক্তব্যের সঙ্গে কি তুমি সহমত? তোমার উত্তর যুক্তিসহ বুঝিয়ে দাও।

অথবা

খ) তোমার কি মনে হয় ব্রতীকে নিয়ে সমগ্র উপন্যাস জুড়ে সুজাতার যে ভাবনাচিন্তার হদিস পাওয়া যায়, তার মধ্যে স্ববিরোধ আছে? এ বিষয়ে তোমার মতের পক্ষে নিজস্ব বক্তব্য লেখো।

২। ক) 'নির্বাস' উপন্যাসে সময়-কে কীভাবে দেখাতে চেয়েছেন ঔপন্যাসিক তা নির্দেশ করো।

অথবা

খ) নির্বাস উপন্যাসে 'বিমি'র ভাবনা কীভাবে উপন্যাসের মূল বিষয় হয়ে উঠেছে, তা জানাও।

৩। ক) যন্ত্রের প্রতি ভালোবাসা বিমলকে কীভাবে অযান্ত্রিক করে তুলেছে – তা গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

অথবা

খ) 'পরশুরামের কুঠার' গল্পের নামকরণে যে পৌরাণিক অনুষঙ্গ আছে, তা গল্পের মূল বিষয়ের ক্ষেত্রে কতটা প্রাসঙ্গিক, সংক্ষেপে আলোচনা করো।

৪। 'কমিশন' গল্পে জনৈক ব্যক্তির লেখক সত্তার জন্ম এবং মৃত্যুকে নারায়ণ গঙ্গোপাধ্যায় যেভাবে তুলে ধরেছেন, তার স্বরূপ বিশ্লেষণ করো।

৫। ক) 'তিনি মানুষ ও প্রকৃতির সহজ সরল বন্য ও অসংস্কৃত রূপের চিত্রকর।' – লেখক জ্যোতিরিন্দ্র নন্দী সম্পর্কে এ মন্তব্যটি কতোখানি সার্থক হয়ে উঠেছে, 'গিরগিটি' গল্পটি অবলম্বনে তা আলোচনা করো।

অথবা

খ) জ্যোতিরিন্দ্র নন্দী 'শ্বাপদ' গল্পটিতে বয়ঃসন্ধিক্ষণের মনস্তত্ত্বকে যে নিপুণতায় তুলে ধরেছেন তা যথার্থভাবে পরিস্ফুট করো।

৬। 'জননী' গল্পটি নিছক পারিবারিক নাকি রাজনৈতিক – তোমার অভিমত ব্যক্ত করো।

# Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CC/402**

দেশভাগ ও বাংলাদেশের সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**৪টি প্রশ্নের উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। ক) বাংলাদেশের সাহিত্য ধারা নির্মাণে দেশভাগ বিষয়ক রাজনৈতিক প্রেক্ষাপটের ভূমিকা কতখানি আলোচনা করো।

অথবা

খ) হরিশংকর জলদাস-এর *জলপুত্র* উপন্যাসটিতে জেলে সমাজের যে গঠন এবং পরিবর্তন পরিলক্ষিত হয়, তার পর্যালোচনা করো।

২। ক) লেখক আবু ইসহাক তাঁর 'জোঁক' নামক ছোটোগল্পে যেভাবে একটি নির্দিষ্ট সময়ের প্রেক্ষিতে গ্রামীণ কৃষিজীবী মানুষের জীবনসংগ্রাম এবং প্রতিরোধকে তুলে ধরেছেন, তার তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

খ) 'তৃষ্ণা' গল্পে হাসান আজিজুল হক বাশেদ চরিত্রের মাধ্যমে তৃষ্ণার স্বরূপকে যেভাবে তুলে ধরেছেন, তার তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পটভূমিতে লেখা মুনীর চৌধুরীর 'কবর' নাটক— মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

অথবা

খ) 'কবর' নাটকে নেতা ও হাফিজ চরিত্রের গুরুত্ব কতখানি তা বুঝিয়ে দাও।

৪। ক) দেশভাগের স্মৃতিকথার মধ্যে *ছেড়ে আসা গ্রাম* কে কি তুমি স্বতন্ত্র মনে করবে? তোমার অভিমত জানাও।

অথবা

খ) *ছেড়ে আসা গ্রাম*-এর ভূমিকায় সম্পাদক এই বইকে ইতিহাস বলতে চাননি। সম্পাদকের এই মন্তব্য তুমি কীভাবে পড়বে?

Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CC/403A**

**সমাজমন এবং মধ্যযুগের বিবিধ শিল্পমাধ্যম**

Time: 2 hours Full Marks: 40

---

**চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪X১০= ৪০

১। উপযুক্ত সাহিত্যিক উদাহরণের মাধ্যমে বঙ্গদেশে রচিত প্রধান স্মৃতিশাস্ত্রগুলির মধ্যে সমাজ পরিবর্তনের কী কী ইঙ্গিত পাওয়া যায় আলোচনা করো।

২। জাতি-বর্ণ কাঠামোয় সামাজিক সচলতা বলতে কী বোঝায়? সপ্তদশ শতকের গৌড়ীয় বৈষ্ণব সমাজের উদাহরণের সাপেক্ষে সামাজিক সচলতার তত্ত্বটি তুমি কীভাবে ব্যাখ্যা করবে?

৩। লেখকের সামাজিক লিঙ্গরূপের প্রভাব তাঁর সাহিত্যসৃষ্টিকে কতদূর প্রভাবিত করতে পারে? 'মধ্যযুগের' বাংলা সাহিত্যের নিরিখে প্রসঙ্গটি বুঝিয়ে লেখো।

৪। সপ্তদশ-অষ্টাদশ শতকে নির্মিত বিষ্ণুপুরের মন্দির টেরাকোটায় সমসাময়িক সাহিত্য এবং সংস্কৃতির প্রভাব বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

৫। বাংলা কীর্তনের বিকাশে গৌড়ীয় বৈষ্ণবদের তাত্ত্বিক অবস্থানের প্রভাব কতদূর?—যুক্তিসহ আলোচনা করো।

৬। টীকা লেখো (যেকোনো দু'টি) — ৫X২=১০

ক। ষড়ভুজ চৈতন্য

খ। রত্নমন্দির

গ। বাংলার বৈষ্ণবভাবাপন্ন মুসলিম কবিদের বৈষ্ণবপদ

# Diamond Harbour Women's University
**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CE/403D**

রবীন্দ্রনাথ ও বিভিন্ন শিল্পমাধ্যম

**Time: 2 Hours** **Full Marks: 40**

**৪টি প্রশ্নের উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। ক) পাশ্চাত্য সংগীত দ্বারা রবীন্দ্রসংগীত কীভাবে প্রভাবিত হয়েছে সে সম্পর্কে উপযুক্ত উদাহরণসহ আলোকপাত করো।

অথবা

খ) রবীন্দ্রসংগীতে কীর্তনের প্রভাব বিষয়টি উদাহরণসহ বিশ্লেষণ করো।

২। ক) রবীন্দ্রনাথের ব্রহ্মসংগীতে স্বদেশচেতনা কীভাবে প্রকাশিত হয়েছে তা উদাহরণসহ আলোচনা করো।

অথবা

খ) রবীন্দ্রনাথের গীতিনাট্যের মঞ্চকলা ও রূপসজ্জা সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো।

৩। ক) গীতিনাট্যের কাব্যবস্তু বলতে আমরা কী বুঝি? রবীন্দ্রনাথের গীতিনাট্য থেকে দৃষ্টান্ত সহযোগে অতি সংক্ষেপে বুঝিয়ে দাও।

অথবা

খ) রবীন্দ্র-নৃত্যনাট্যের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

৪। ক) রবীন্দ্রচিত্রকলায় মুখাবয়বের বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

অথবা

খ) সংক্ষিপ্ত আলোচনা করো: ৫ x ২ = ১০

ক. রবীন্দ্রনাথের ছবিতে রেখার ব্যবহার

খ. রবীন্দ্র-চিত্রচর্চায় ডুডলস্ থেকে ছবি

# Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CE/403E**

বাংলা কথাসাহিত্যের বিভিন্ন প্রবণতা

**Time: 2 Hours** **Full Marks: 40**

**চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪x১০=৪০

১. যে সৃষ্টি জনপ্রিয় তা-ই কি শিল্পমূল্যের দিক থেকে সার্থক? জনপ্রিয়তার তত্ত্বের নিরিখে যুক্তিসম্মত অভিমত দাও।

২. শরৎচন্দ্রের 'পল্লীসমাজ' উপন্যাসে প্রতিফলিত প্রগতিশীল বাস্তবতার পরিচয় দাও।

৩. নিমাই ভট্টাচার্যের 'মেমসাহেব'-- এই টেক্সটিকে তুমি কীভাবে পড়তে চাইবে? এটি নিছক একটি জনপ্রিয় আখ্যান নাকি জনপ্রিয়তা ব্যতীতও এর স্বতন্ত্র আবেদন রয়েছে? পর্যালোচনা করো।

৪. রবীন্দ্রনাথ রচিত শিশুসাহিত্যের লিঙ্গসাপেক্ষ পাঠ নির্মাণ করা যায় কিনা সে সম্পর্কে উপযুক্ত উদাহরণসহ মতামত দাও।

৫. সুকুমার রায়ের শিশুসাহিত্যে রসনাবিলাসের বর্ণনা ও উপকরণসমূহ কেন এবং কীভাবে উঠে এসেছে তা বিশ্লেষণ করো।

৬. 'সঞ্জীব বাবুর সৌন্দর্যতত্ত্ব ভালো করিয়া না বুঝিলে তাহার লেখাও ভালো করিয়া বুঝা যায় না।'-- *পালামৌ* প্রসঙ্গে চন্দ্রনাথ বসুর এই মন্তব্যটি কতখানি যথার্থ তা পর্যালোচনা করো।

৭. বাংলা গোয়েন্দা সাহিত্য সৃষ্টির প্রেক্ষাপটটির পরিচয় দাও।

৮. গোয়েন্দা সাহিত্যে খলনায়কের চরিত্রায়নে সত্যজিতের স্বাতন্ত্র্য কোথায় তা আলোচনা করো।

# Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CE/403 F**

ভাষাবিজ্ঞানের নানা প্রস্থান ও শৈলীবিজ্ঞান

**Time: 2 Hours** **Full Marks: 40**

চারটি প্রশ্নের উত্তর দাও ৪ x ১০ = ৪০

১. ক) নব্যবৈয়াকরণ বলতে কাদের বোঝায়? তাঁদের ভাষাতাত্ত্বিক মতবাদ নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

অথবা

খ) ফার্দিনান্দ দ্য স্যশুর (Ferdinand De Saussure) ভাষাবিজ্ঞান-চর্চার যে নতুন দিগন্ত উন্মোচিত করে দিলেন সে সম্পর্কে তোমার ধারণা লিপিবদ্ধ করো।

২. ক) প্রিন্স নিকোলাই সের্গেইভিখ ট্রুবেৎস্কয় ধ্বনিবিজ্ঞান নিয়ে যে ধারণাটি দেন তা সংক্ষপে আলোচনা করো।

অথবা

খ) আলোচনা করো (যেকোনো দুটি) ৫ x ২ = ১০

অ. স্যর উইলিয়ম জোনস্

আ. ইয়াকব গ্রিম

ই. লিওনার্ড ব্লুমফ্লিল্ড

ঈ. রোমান ইয়াকবসন

৩।ঐতিহাসিক ভাষাতত্ত্বের বিভিন্ন পর্যায়গুলির পরিচয় দাও। তুলনামূলক ভাষাতত্ত্বের সঙ্গে ঐতিহাসিক ভাষাতত্ত্বের সম্পর্ক নির্ণয় করো। ২+৮=১০

৪। ক) নিম্নলিখিত অংশটির থেকে সংসক্তির ব্যবহার ও বৈশিষ্ট্য বিশ্লেষণ করো:

"টেনিদা বললে, আমি আলো নিবিয়ে দিচ্ছি। তার আগে শেষ কথাগুলো বলে নিই। সবাই হারু পণ্ডিতের ধ্যান করবি এক মনে, এক প্রাণে। সেই দাড়ি – সেই ডাঁটি ভাঙা চশমা, সেই-টাক- সেই নস্যি নেওয়া –

ক্যাবলা বললে, সেই গাঁট্টা।

টেনিদা ধমক দিয়ে বললে, চুপ বাজে কথা এখন বন্ধ। শুধু ধ্যান। এক মনে এক প্রাণে। শুধু প্রার্থনা: স্যার – দয়া করে একবার আসুন – আপনার অধম ছাত্রদের পরীক্ষার কোশ্চেনগুলো বলে দিয়ে যান! আর কিছু না – আর কোন কথা নয়। আচ্ছা আমি আলো নেবাচ্ছি। ওয়ান – টু- থ্রী –

টুক্‌ করে আলো নিবে গেল।

বাপ্‌স্‌ কী অন্ধকার! যেন দম আটকে যায়! ভয়ে আমার গা শির্‌-শির্‌ করতে লাগল ধ্যান করব কী ছাই!

তবু ধ্যানের চেষ্টা করা যাক। কিন্তু কী যাচ্ছেতাই মশা এ ঘরে। পা দুটো একেবারে ফুটো করে দিচ্ছে! অনেকক্ষণ দাঁত-টাঁত খিঁচিয়ে আর পারা গেল না। চটাস্‌ করে একটা চাঁটি মারলাম।

কিন্তু একি! পায়ে চাঁটি মারলাম – কিন্তু লাগল না তো। আমার পা কি একেবারে অসাড় হয়ে গেছে? আর আমার পাশ থেকে হাবুল তখনই হাঁইমাই করে চেঁচিয়ে উঠল: অ টেনিদা, ভূতে আমার পায়ে ঠাঁই কইর‍্যা চাপড় মারছে!

টেনিদা বলল, শাট্‌ আপ! ধ্যান করে যা।"

অথবা

খ) নিম্নলিখিত অংশগুলির কথোপকথনের ভাষা-নিভাষা ও রেজিস্টারের ব্যবহার বুঝিয়ে দাও:

অ। "এই চির শিশুটি সকালবেলা তার মাকে বলেছে, 'মা আজ ইস্কুল যাব না।' তার মা জোর করছে, 'না যেতেই হবে না গেলে চলবে না।'

চির শিশুটি খেপে গিয়ে বলল, 'না আমি যাব না। কিছুতেই যাব না। ইস্কুলের ছেলেমেয়েরা কেউ আমাকে ভালোবাসে না। মাষ্টারমশায়-দিদিমণিরা এমনকি দারোয়ান-দপ্তরি কেউ আমাকে পছন্দ করে না। আমি কিছুতে যাব না।' তখন মা ধমকিয়ে উঠল। 'দ্যাখো খোকা ছেলেমানুষি করো না। তোমাকে যেতেই হবে। তার কারণ হলো তুমি ছোট শিশুটি নও। তোমার বয়েস পঁয়তাল্লিশ হয়েছে। আর তুমিই স্কুলের হেড মাস্টার।"

আ। "... দামোদর মুখোপাধ্যায়ের একটা বাতিক ছিল, বঙ্কিমচন্দ্রের উপন্যাস যেখানে শেষ হয়েছে তার পরে একটা উপসংহার যোগ করে উপন্যাসের ঘটনা এবং চরিত্রগুলির পরিণতি দেখাতেন। এধরনের রচনা উৎকৃষ্ট মানের হওয়া সম্ভব নয়। তা হয়ও নি। বঙ্কিমচন্দ্রও পছন্দ করেননি ব্যাপারটা। অবশেষে বঙ্কিমচন্দ্র বাধ্য হয়ে দামোদরকে জানালেন, 'আপনি আমার উপন্যাসের উপসংহার লিখে আমাকে সংহার করেছেন।'

অন্য একবার দামোদর মুখোপাধ্যায় তাঁর লেখা 'শান্তি' নামে একটি উপন্যাস বঙ্কিমচন্দ্রকে উপহার দিয়েছিলেন। বই পেয়ে বঙ্কিমচন্দ্র দামোদরকে জনিয়েছিলেন,

প্রিয়তমেষু

শান্তি প্রাপ্ত হইলাম।

ইহলোকে পাইলাম। পরলোকেও ভরসা করি দামোদর বঞ্চিত করিবেন না।"

৫. ক) শৈলীবিশ্লেষণ করো - ৫ x ২ = ১০

অ। "প্যাঁচ কিছু জানা আছে কুস্তির?
ঝুলে কি থাকতে পারো সুস্থির?
নইলে

রইলে

ট্রাম না-চ'ড়ে ---

ভ্যাবাচাকা রাস্তায় প'ড়ে বেঘোরে।"

আ। "অতই সহজ আমাদের মেরে ফেলা?

আমাদের পায়ে রাত্রিচক্র ঘোরে

আমরা এসেছি মহাভারতের পর

আমরা এসেছি দেশকাল পার করে"

অথবা

খ. নীচের অংশটির শৈলীবিচারে সময়ের ভূমিকা (বিন্যাস, পৌনপুনিকতা, বিস্তার) ঠিক কীরকম বুঝিয়ে দাও:

"নিবারণ বলিল – 'একি বউদি, এত শাগের ঘণ্ট কার জন্যে রাঁধছেন?'

নিরুপমা বলিল – 'শাগ নয়, ঘাস সেদ্ধ হচ্ছে। ওঁর কত রকম খেয়াল হয় জানেন তো।'

নিরারণ। সেদ্ধ হচ্ছে? কেন, ননির বুঝি কাঁচা ঘাস আর হজম হয় না?

ননি বলিল – 'নিবারণ। ইয়ারকি নয়। পৃথিবীতে আর অন্নাভাব থাকবে না।

নিবারণ। সকলেই তো প্রফেসর ননি বা রোমন্থক জীব নয় যে ঘাস খেয়ে বাঁচবে।

ননি। আরে ও কি আর ঘাস থাকবে? প্রোটীন সিন্থেসিস হচ্ছে। ঘাস হাইড্রোলাইজ হয়ে কার্বোহাইড্রেট হবে। তাতে দুটো অ্যামিনো-গ্রুপ জুড়ে দিলেই বস্। হেক্সা-হাইড্রক্সি-ডাই-অ্যামিনো –

নিবারণ। থাক, থাক। হারমোনিয়ামটা কি জন্য?

ননি। বুঝলে না? অক্সিডাইজ করবার জন্যে। নিরু হারমোনিয়ামটা বাজাও তো।

নিরুপমা হারমোনিয়ামের পেডাল চালাইল। সুর বাহির হইল না, রবারের নল দিয়া হাওয়া আসিয়া ডেকচির ভিতর বগবগ করিতে লাগিল।"

# Diamond Harbour Women's University
**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

Paper Code: Beng/Th/4S/CE/404A

সমাজ ও সংস্কৃতির পরম্পরা-ইতিহাস-দর্শন এবং সাহিত্য বিশ্লেষণ

Time: 2 hours | Full Marks: 40

---

**চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪X১০= ৪০

১। গৌড়ীয় বৈষ্ণব দর্শনে নরহরি সরকারের শাখার প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২। ক) *ভক্তিরত্নাকর* অবলম্বনে মল্লভূমে গৌড়ীয় বৈষ্ণব ধর্মের প্রসারের ইতিহাস বিবৃত করো।

অথবা

খ) *ভক্তিরত্নাকর* অবলম্বনে ব্রজমণ্ডল এবং গৌড়মণ্ডলের সম্পর্ক বিষয়ে তোমার পর্যবেক্ষণ দাও।

৩। ক) মিশ্রসত্ত্ব দেবতা হিসাবে ধর্মঠাকুরের বিবিধ উৎসকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে? আলোচনা করো।

অথবা

খ) ঘনরাম চক্রবর্তী-র *ধর্মমঙ্গল* কাব্য অবলম্বনে 'শালে ভর পালা'-র বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।

৪। ক) বাংলা পীর সাহিত্যে হিন্দু-মুসলমানের যুক্ত-সাধনার প্রকাশ কীভাবে হয়েছে? আলোচনা করো।

অথবা

খ) বাংলা পীর সাহিত্যে সুফি মতের প্রভাব বিষয়ে তোমার অভিমত জানাও।

৫। অষ্টাদশ শতকে বাংলার বর্গী-আক্রমণের ইতিহাস প্রসঙ্গে *মহারাষ্ট্র পুরাণ* কি নির্ভরযোগ্য সূত্র? যুক্তিসহ বুঝিয়ে দাও।

# Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CE/404 D**

রবীন্দ্রনাথ: বিবিধ প্রসঙ্গ

**Time: 2 Hours** **Full Marks: 40**

**চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪X১০= ৪০

১। ক) 'সাধনা' পত্রিকার সম্পাদক হিসাবে রবীন্দ্রনাথের যাত্রাপথ এবং তাঁর সম্পাদনায় পত্রিকার পরিণতি সম্পর্কে আলোচনা করো।

অথবা

খ) 'ভাণ্ডার' পত্রিকা গড়ে ওঠার প্রেক্ষাপট আলোচনা করে এই পত্রিকার সম্পাদক হিসাবে রবীন্দ্রনাথের কৃতিত্ব আলোচনা করো।

২। ক) *গীতাঞ্জলি* কাব্যগ্রন্থের অনুবাদ প্রসঙ্গে আলোকপাত করো।

অথবা

খ) *শিশু* কাব্যগ্রন্থ থেকে অনুবাদের মাধ্যমে কীভাবে *The Crescent Moon* গড়ে উঠেছিল এবং সেই অনুবাদের কোন নির্দিষ্ট অভিমুখ নির্মিত হয়েছিল কি না, সে সম্পর্কে যুক্তি দাও।

৩। ক) সংস্কৃত সাহিত্য প্রসঙ্গে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গী সংক্ষেপে আলোচনা করো।

অথবা

খ) রবীন্দ্রনাথের 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধটির বক্তব্য বিষয় সাহিত্যতত্ত্বের দিক থেকে কতটা সমর্থনযোগ্য বলে তুমি মনে করো তা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।

৪। ক) রবীন্দ্রনাথের *রাজর্ষি* (১৮৮৭) উপন্যাসের প্রথমাংশকে *বিসর্জন* (১৮৯০) নাটকে রূপান্তর করা হয়েছে। এ রূপান্তর সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো।

অথবা

খ) *রাজা ও রাণী* (১৮৮১) নাটকটি কেমন করে *তপতী* (১৯২৯) নাটকে রূপান্তরিত হল, সংক্ষেপে সে বিষয়টি বুঝিয়ে দাও।

# Diamond Harbour Women's University

**M.A. (2nd Year) 4th Semester Examination 2022**

**Subject: Bengali**

**Paper Code: Beng/Th/4S/CE/404E**

দেশভাগ ও বাংলা সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪x১০=৪০

১. দেশভাগের রাজনৈতিক প্রেক্ষাপটে অভ্যন্তরীণ সাম্প্রদায়িকতা কতোখানি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল, সে বিষয়ে যথাযথ আলোচনা করো।

২. দেশভাগের ফলশ্রুতি হিসেবে যে উদ্বাস্তু সমস্যা দেখা দিল তার বাস্তব প্রেক্ষাপট বিশ্লেষণ করো।

৩. মণিকুন্তলা সেন-এর *সেদিনের কথা* শীর্ষক রচনাটি কি আত্মজীবনী? বিষয়টির পক্ষে বা বিপক্ষে তোমার সুচিন্তিত যুক্তি উপস্থাপন করো।

৪. *নীলকণ্ঠ পাখির খোঁজে* উপন্যাসে ঈশম কেমন করে ধনকর্তার পুত্র হয়েছে সেই খবর পৌঁছে দিতে যায় তা নিজের ভাষায় বর্ণনা করো।

৫. 'আগুনপাখি উপন্যাসটি প্রত্যাশার একস্বরিক কিন্তু এই স্বরই ক্রমে হয়ে উঠেছে বহুস্বরিক'— উপন্যাস অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো।

৬. দেশভাগের রাজনীতি প্রান্তিক জনজীবনে যে প্রভাব ফেলেছিল তা 'রাজা যায় রাজা আসে' গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

৭. জ্যোতিরিন্দ্র নন্দীর গল্পে দেশভাগের যন্ত্রণার অভিব্যক্তি কীভাবে এসেছে পাঠ্য গল্প অবলম্বনে আলোচনা করো।

৮. 'তোর বাপ কটো? অ্যাঁ কটো বাপ? একটো তো? দ্যাশও তেমনি একটো। বুইলি?' -- হাসান আজিজুল হকের গল্পে ওয়াজদ্দির এই বক্তব্যে পরবাসী হয়ে ওঠার এই মর্মন্তুদ যন্ত্রণার প্রকাশ কীভাবে ইতিহাসের অনুষঙ্গ হয়ে উঠেছে আলোচনা করো।

# Diamond Harbour Women's University

Department of Bengali
M.A. PG 2, 4th Semester Examination, 2022
**Paper Code: Beng/Th/4S/404F**

চমস্কিতত্ত্ব, বাঙলা সঞ্জননী অন্বয়তত্ত্ব ও সমাজভাষাবিজ্ঞান

**Time: 2 hours** **Full Marks: 40**

---

**৪টি প্রশ্নের উত্তর দাও।** **৪x১০=৪০**

১. সঞ্জননী অন্বয়তত্ত্ব অনুসারে বাংলা বাক্যের সম্ভাব্য সংবর্তন কত প্রকার? বৃক্ষচিত্রের দ্বারা প্রতিটি সংবর্তনের বিস্তারিত পরিচয় দাও।

২. চমস্কির Standard Theory-র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩. ক) সমাজভাষা বিজ্ঞান কী? সমাজভাষা বিজ্ঞানের বর্ণাত্মক শাখাটির পরিচয় দাও।

অথবা

খ) টীকা লেখো। ২.৫X৪=১০

অ) কোড সুইচিং ও বাইলিঙ্গুয়ালিজম

আ) আক্রোলেক্ট ও স্ট্যান্ডার্ড লাঙ্গুয়েজ

ই) ভাষা বৈচিত্র্য ও ভাষা সংযোগ

ঈ) ডাইগ্লোসিয়া ও পিজিন

৪. উপভাষামানচিত্র তৈরি করতে গেলে কী কী বৈশিষ্ট্যকে কেন গুরুত্ব দিতে হবে তা বুঝিয়ে দাও।

৫. ক) ভাষা পরিকল্পনা বিষয়ে ভাষা বিজ্ঞানীদের অভিমতগুলি সংক্ষেপে পর্যালোচনা করো।

অথবা

খ) ভাষা পরিকল্পনায় ভাষার মান্যায়ন গুরুত্বপূর্ণ কেন? - আলোচনা করো।